

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রধান প্রকৌশলীর কার্যালয়  
গণপূর্ত অধিদপ্তর  
পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

অফিস আদেশ

নির্বাহী প্রকৌশলীর কার্যালয়			
গণপূর্ত ই/এম এন সাইট এর নিয়ন্ত্রণ-২, ঢাকা।			
ডায়েরী নং-		তারিখঃ-	
2209		২২/০৯/১০	
অ: স:	স: প্র:	উ: বি: প্র:	নি: প্র:

এতদ্বারা জানানো যাচ্ছে যে, নির্মাণ কাজ বাস্তবায়ন পর্যায়ে নিয়মতান্ত্রিক পদ্ধতি অনুসরণ করে যথাযথ মান নিয়ন্ত্রণ নিশ্চিত করার লক্ষ্যে গণপূর্ত অধিদপ্তরের জন্য Construction Checklist – A, B, C, D, E প্রণয়ন করা হয়েছে। গণপূর্ত অধিদপ্তরের আওতাধীন মেরামত কাজ ব্যতিত সকল নির্মাণ কাজের নিম্নবর্ণিত ক্ষেত্রে চেকলিস্ট সমূহ অনুসরণ করতে হবেঃ

- নির্মাণ কাজের জন্য সাইট বুকে নেয়ার জন্য চেকলিস্ট A-1, স্থাপত্য ও কাঠামো নকসার ক্ষেত্রে চেকলিস্ট A-2, নির্মাণপূর্বে গৃহীতব্য সেফটি বিষয়াদির জন্য চেকলিস্ট A-3 এবং ডেমোলিশন ওয়ার্কস এর ক্ষেত্রে চেকলিস্ট A-4 প্রযোজ্য হবে।
- ফাউন্ডেশন লেআউট প্রদান, পাইল ড্রাইভিং ওয়ার্ক ও এক্সকেভেশন ওয়ার্ক এর জন্য প্রযোজ্য চেকলিস্ট সমূহ হল যথাক্রমে B-1, B-2 এবং B-3.
- রিইনফোর্সমেন্ট ওয়ার্ক (Rebar প্রস্তুতকরণ, Rebar Binding) এর ক্ষেত্রে চেকলিস্ট C প্রযোজ্য হবে।
- সাটারিং ওয়ার্ক এর ক্ষেত্রে চেকলিস্ট D প্রযোজ্য হবে।
- কনক্রিটিং কাজ শুরুর পূর্বে ইকুইপমেন্ট ও ম্যাটেরিয়াল সমূহ গুনগতমান পর্যবেক্ষণের জন্য চেকলিস্ট E-1 এবং কনক্রিটিং কাজ বাস্তবায়ন কালের জন্য চেকলিস্ট E-2 এবং কংক্রিট এর পর করণীয় বিষয়াদির জন্য E-3 প্রযোজ্য হবে।


বাস্তবায়ন পর্যায়ে উল্লিখিত চেকলিস্টসমূহ এর জন্য প্রতিপালনযোগ্য নির্দেশনাসমূহ হলঃ

১. ইতোপূর্বে ২৩/২৪ ফেব্রুয়ারী, ২০২০এর বার্ষিক সম্মেলনে সরবারহকৃত স্যাম্পল সাইট অর্ডার বুক এর নমুনা যথাযথভাবে অনুসরণ করে সাইট অর্ডার বুক তৈরী করতে হবে এবং অত্যাবশ্যকীয়ভাবে সকল প্রকল্পের সাইটে সংরক্ষণ করতে হবে। কোন কর্মকর্তা যখনই কোন সাইট পরিদর্শন করবেন তার পর্যবেক্ষণসমূহ সাইট অর্ডার বুক লিপিবদ্ধ করবেন, এ ক্ষেত্রে কোন শৈথিল্য গ্রহণযোগ্য হবেনা।
২. চুক্তি স্বাক্ষরের পর সকল চেকলিস্ট সংযুক্ত করে সার্বিক প্রস্তুতি গ্রহণের জন্য ঠিকাদারকে লিখিত নির্দেশনা প্রদান করতে হবে। প্রাথমিকভাবে A-1 চেকলিস্ট এ বর্ণিত সকল প্রস্তুতি সম্পন্ন করে ঠিকাদার অবহিত করলে সরেজমি পরিদর্শন করে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ A-1: 'Checklist for the Site' অনুযায়ী বাস্তব প্রস্তুতির মূল্যায়ন করবেন এবং প্রয়োজনীয় পরামর্শ প্রদান করবেন।
৩. নির্মাণ কাজ শুরু করার পূর্বে A-3: 'Checklist for Safety' এর শর্তসমূহ আবশ্যিকভাবে ঠিকাদার কর্তৃক নিশ্চিত করতে হবে। এ ব্যাপারে কোন শৈথিল্য বরদাস্ত করা যাবে না।
৪. Construction Checklist সমূহের পর্যাগু সংখ্যক অপূরণকৃত কপি সাইটের ফাইলে সংরক্ষণ করতে হবে। গুরুত্বপূর্ণ সকল নির্মাণ পর্যায় বাস্তবায়নের পূর্বেই চেকলিস্ট অনুযায়ী সরেজমি উপ-সহকারী প্রকৌশলী ও উপ-বিভাগীয় প্রকৌশলী ঠিকাদার/ঠিকাদারের প্রতিনিধির উপস্থিতিতে উহা চেক ও স্বাক্ষর করবেন এবং তাৎক্ষণিকভাবে পূরণকৃত চেকলিস্টের অনুলিপি ছবি তুলে/Scan copy সর্বশেষ নির্বাহী প্রকৌশলীর দাপ্তরিক ই-মেইল এ অত্যাবশ্যকীয় ভাবে প্রেরণ করবেন। সামগ্রিক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হিসাবে নির্বাহী প্রকৌশলী বিষয়টি যথাযথভাবে প্রতিপালন করা হচ্ছে কিনা উহা নিশ্চিত করবেন এবং স্বাক্ষর করবেন।
৫. যে কোন পর্যায়ের নির্মাণ কাজ বাস্তবায়নের পূর্বে Construction Checklist এর মাধ্যমে দফা ওয়ারি চেক করার বিষয়টি অত্যাবশ্যকীয়ভাবে প্রতিপালন করতে হবে। উহা যথাযথভাবে সাইটে সংরক্ষণ করতে হবে যাতে উর্দ্ধতন কর্তৃপক্ষ সাইট পরিদর্শনকালে নিরীক্ষা করতে পারেন।
৬. দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ কর্তৃক সাইট পরিদর্শনকালে চেকলিস্ট এর দফা সমূহের সাথে অমিল পাওয়ার সাথে সাথেই চেকলিস্ট এ উহা লিপিবদ্ধ করে সংরক্ষণ করতে হবে এবং সাইট অর্ডার বুক নির্দেশনার মাধ্যমে ঠিকাদারকে সংশোধন এর জন্য বলতে হবে। যেমন- চেকলিস্ট এ বর্ণিত মানদণ্ডে উত্তীর্ণ না হলে বা পাথরের যথাযথ গ্রেডিং না পাওয়া গেলে উহা ঢালাই এর উপযুক্ত হিসাবে বিবেচনা করা যাবে না। ঠিকাদার সঠিক মান ও গ্রেডিং সম্পন্ন মালামাল আনয়ন করলে এবং চেকলিস্ট অনুযায়ী সঠিক পাওয়া গেলে পুনরায় চেকলিস্ট এ লিপিবদ্ধ ও সংরক্ষণ করতে হবে। চেকলিস্ট A-3, C, D এবং E এর সকল দফা সঠিক পাওয়া সাপেক্ষে ঢালাই এর অনুমতি প্রদান করা যাবে।
৭. সাইটে ম্যাটেরিয়াল টেস্ট রিপোর্ট ও Construction Checklist সমূহ তারিখের ক্রমানুসারে আলাদা আলাদা ফাইলে যথাযথ ভাবে সংরক্ষণ করতে হবে।
৮. উর্ধতন কর্তৃপক্ষ কর্তৃক পরিদর্শনকালে যদি এই মর্মে পরিলক্ষিত হয় যে, নিরাপত্তা বিষয়াদি নিশ্চিতকরণসহ অন্যান্য চেকলিস্ট সংক্রান্ত নির্দেশনাসমূহ যথাযথ ভাবে পালন করা হচ্ছে না, সেক্ষেত্রে সাইট অর্ডার বুক পর্যবেক্ষণ সমূহ লিপিবদ্ধ করে সতর্ক করতে হবে। পুনরায় সাইট পরিদর্শনকালে একই ধরনের গাফলতি পরিলক্ষিত হলে লিখিত ভাবে দাপ্তরিক ব্যবস্থা গ্রহণ করতে হবে।

উল্লিখিত নির্দেশনাসমূহ চলমান প্রকল্পসহ সকল প্রকল্পের জন্য অবিলম্বে কার্যকর হবে।

২০০০ সাল পরবর্তী সকল সরকারী স্থাপনা নির্মাণের জন্য গণপূর্ত অধিদপ্তর ত্রিক চিপসের পরিবর্তে স্টোন চিপস এর ঢালাই প্রবর্তন করে, যা দেশব্যাপী মানসম্পন্ন ও দীর্ঘস্থায়ী নির্মাণের ক্ষেত্রে একটি অনন্য মাইলফলক হয়ে আছে। নানাবিধ প্রতিবন্ধকতা উপেক্ষা করে গণপূর্ত অধিদপ্তর কর্তৃক ৬০ গ্রেড রড, সেম-১ সিমেন্ট, প্রিকাস্ট পাইল, আবশ্যকীয়ভাবে পাইল লোড টেস্ট সম্পাদন ইত্যাদির নতুন নতুন কৌশল প্রবর্তনের কারণে এদেশে যে মানসম্পন্ন অবকাঠামো বিনির্মাণের ক্ষেত্রে নতুন যুগের সূচনা হয়েছে তা ইতোমধ্যে প্রমানিত ও সর্বজনস্বীকৃত। পূর্বের উদ্যোগসমূহের ধারাবাহিকতায় Construction Checklist এর প্রবর্তনের মাধ্যমে নির্মাণ কাজের মাননিয়ন্ত্রণের নব পদযাত্রা অন্যান্যদের থেকে গণপূর্ত অধিদপ্তরের স্বকীয়তাকে প্রতিষ্ঠিত করবে। যা হবে গণপূর্ত অধিদপ্তরের নতুন 'ব্র্যান্ডিং'। সংশ্লিষ্ট সকল কর্মকর্তা ও কর্মচারীগণকে এ ব্যাপারে সর্বাঙ্গিক সচেতন ও আন্তরিক হওয়ার জন্য বলা হল।

বি. দ্র. - স্যাম্পল সাইট অর্ডার বুক ও Construction Checklist এর কপিসমূহ গণপূর্ত অধিদপ্তরের ওয়েবসাইটে এ [www.pwd.gov.bd/view/download](http://www.pwd.gov.bd/view/download) লিংক হতে ডাউনলোড করা যাবে।

  
(মোঃ মজিবুর রহমান)  
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পওবিপ্র)  
গণপূর্ত অধিদপ্তর  
পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

স্মারক নং:


২৬৮৭ (১৫৫)

তারিখ:-

৫/৬/২০

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ০১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত জোন- ঢাকা/ ঢাকা মেট্রোপলিটন/ চট্টগ্রাম/ খুলনা/ রাজশাহী/ বরিশাল/ সিলেট/ রংপুর/ ময়মনসিংহ/ গোপালগঞ্জ/ ই-এম পিএন্ডডি/ ই-এম।
- ০২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী(সংস্থাপন)/(সমষ্টি)/(উন্নয়ন), গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ০৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা গণপূর্ত সার্কেল-১/২/৩/৪; গণপূর্ত রক্ষণাবেক্ষণ সার্কেল/ সাভার গণপূর্ত সার্কেল, ঢাকা; গণপূর্ত ই/এম পিএন্ডডি সার্কেল, ঢাকা; গণপূর্ত ই/এম সার্কেল-১/২/৩, ঢাকা; চট্টগ্রাম গণপূর্ত সার্কেল-১/ ২/ ৩; চট্টগ্রাম ই/এম সার্কেল; গণপূর্ত সার্কেল- কুমিল্লা/ রাজশাহী/বগুড়া/রংপুর/খুলনা/যশোর/বরিশাল/সিলেট/ময়মনসিংহ/গণপূর্ত প্রকল্প সার্কেল-১/২, ঢাকা; গণপূর্ত সার্কেল-পেকু/মনিটরিং ও অডিট/ডিজাইন-১/২ এমআইএস সার্কেল।
- ০৫। পরিচালক, গণপূর্ত ট্রেনিং একাডেমী এন্ড টেস্টিং ল্যাবরেটরী, এলেনবাড়ী, তেজগাঁও, ঢাকা।
- ০৬। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ-১/২/৩/৪/নগর/আরবরিকালচার/মেডিকেল/ ইডেন/ এসবি নগর-১/২/৩/ মহাখালী/ মতিঝিল/ আজমপুর/ সম্পদ/ নারায়নগঞ্জ/ নরসিংদী/ মুন্সিগঞ্জ/ সাভার/ মিরপুর/ মানিকগঞ্জ/ গাজীপুর/ রক্ষণাবেক্ষণ, ঢাকা/ রক্ষণাবেক্ষণ, চট্টগ্রাম/ ই/এম বিভাগ- ১/২/৩/৪/৫/৬/৭/৮/৯/১০/১১/ই/এম কারখানা/কাঠের কারখানা,ঢাকা/ ময়মনসিংহ/ কিশোরগঞ্জ/ টাঙ্গাইল/ শেরপুর/ জামালপুর/নেত্রকোনা/ চট্টগ্রাম- ১/২/৩/৪/রাসমাটি/খাগড়াছড়ি/বান্দরবান/কক্সবাজার/ই/এম-১/২, চট্টগ্রাম/ ই/এম পিএন্ডডি, চট্টগ্রাম/ কুমিল্লা/ বি-বাড়ীয়া/ চাঁদপুর/ নোয়াখালী/ফেনী/ লক্ষ্মীপুর/সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার/বরিশাল/ভোলা/ মাদারীপুর/ ঝালকাঠি/ বরগুনা/ গোপালগঞ্জ/ পটুয়াখালী/ পিরোজপুর/খুলনা- ১/২/বাগেরহাট/ সাতক্ষীরা/যশোর/কুষ্টিয়া/মাগুরা/ঝিনাইদহ/ফরিদপুর/নড়াইল/চুয়াডাঙ্গা/ রাজবাড়ী/ মেহেরপুর/ রাজশাহী-১/২/পাবনা/নাটোর/ নওগাঁ/ চাঁপাইনবাবগঞ্জ/ রংপুর/ দিনাজপুর/ কুড়িগ্রাম/ গাইবান্ধা/ নীলফামারী/ লালমনিরহাট/ ঠাকুরগাঁও/ পঞ্চগড়/ বগুড়া/ সিরাজগঞ্জ/ জয়পুরহাট/ গণপূর্ত প্রকল্প বিভাগ-১/২/৩/৪/৫/জরিপ/ ডিজাইন বিভাগ-১/২/৩/৪/৫/৬/ ই/এম ডিজাইন বিভাগ-১/২/৩/ ই/এম প্ল্যানিং বিভাগ-১/২/৩/ মনিটরিং/ অডিট/ ই/এম পিএন্ডডি-১/২/৩, ঢাকা/পিএন্ডডি, ময়মনসিংহ/পিএন্ডডি খুলনা/ পিএন্ডডি রাজশাহী/পিএন্ডডি গোপালগঞ্জ/ এমআইএস বিভাগ-১/২/৩/পেকু।

  
(মোঃশামছুল ইসলাম)  
নির্বাহী প্রকৌশলী  
গণপূর্ত ডিজাইন বিভাগ-১  
পূর্ত ভবন, ঢাকা।